



TRIPURA COMMISSION FOR WOMEN

Office: H. G. Basak Road, Melarmath, Agartala, Tripura (W), Pin: 799001
Telephone : 0381-232 2912 / Tele Fax : 0381-232 3355
e-mail: tripuracommissionforwomen@gmail.com

Ref. No. :

Date :

F.No.7(6)TCW/Press Release /2022/ 659 (10)

Dated : 12/05/2023.

প্রেস রিলিজ

ত্রিপুরা মহিলা কমিশনের উদ্যোগে গত ১১/০৫/২০২৩ ইং সকাল ১১ ঘটিকায় আগরতলায় পশ্চিম জিলার মহকুমা শাসকের কনফারেন্স হলে “ মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ ” সম্পর্কে একটি সচেতনতা সভা অনুষ্ঠিত হয়েছে। এই সভায় উপস্থিত ছিলেন আগরতলা পুর নিগমের মাননীয় মেয়র শ্রী দীপক মজুমদার মহোদয় সহ পুর নিগমের অন্যান্য মাননীয় কর্মচারীগণ।

তাছাড়াও উপস্থিত ছিলেন পশ্চিম জিলার মাননীয় জিলা শাসক, আরক্ষা দপ্তর এবং সমাজ কল্যাণ ও সমাজ শিক্ষা দপ্তরের আধিকারিকগণ, আগরতলা বার কাউন্সিলের এসিসটেন্ট পাবলিক প্রসিকিউটর সহ অন্যান্য সরকারি আইনজীবীগণ, বিভিন্ন এনজিওর প্রতিনিধি, সেলফ-হেল্প গ্রুপের সদস্য এবং বিশিষ্ট সমাজসেবীগণ।

মহিলা কমিশনের পক্ষ থেকে উপস্থিত ছিলেন কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী, ভাইস-চেয়ারপার্সন শ্রীমতী অস্মিতা বনিক এবং মাননীয় সদস্য শ্রীমতী ডালিয়া সিংহ মহোদয়া।

স্বাগত ভাষনের মধ্যদিয়ে সভার শুভ সূচনা করেন ত্রিপুরা মহিলা কমিশনের মাননীয় চেয়ারপার্সন শ্রীমতী বর্নালী গোস্বামী। উনি উনার সংক্ষিপ্ত কিন্তু মূল্যবান বক্তব্যে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে ঘটা বিভিন্ন অপরাধের কারন, ধরন ও প্রতিকারের বিষয়ে আলোচনা করেন এবং এই সভায় উপস্থিত সকলের কাছে মহিলা ও কন্যা সন্তানের বিরুদ্ধে অপরাধ প্রতিহত করতে তাদের মূল্যবান মতামত রাখতে আহ্বান করেন।

আগরতলা পুর নিগমের মাননীয় মেয়র শ্রী দীপক মজুমদার মহোদয় মহিলা কমিশনের এই উদ্যোগের প্রয়োজনীয়তার কথা উল্লেখ করে আরো বেশী বেশী করে এই রকম সভা করার উপর গুরুত্ব আরোপ করেন এবং ক্লাব গুলিকে এক্ষেত্রে সক্রিয় ভূমিকা পালনের জন্য এগিয়ে আসতে হবে বলে মনে করেন। তিনি মনে করিয়ে দেন যে শুধুমাত্র আইন করে এই সামাজিক ব্যাধি থেকে নিস্তার লাভ করা সম্ভব নয়, সমাজের সকল অংশের মানুষের সচেতনতা এবং সঠিক মানসিক ও সামাজিক মূল্যবোধের বিকাশের দ্বারাই এই সমস্যা থেকে উত্তরণ সম্ভবপর হয়ে উঠবে বলে উনি আশাবাদী।

ত্রিপুরা বিশ্ববিদ্যালয়ের মাননীয় অধ্যাপিকা শ্রীমতী চন্দ্রিকা বসু মজুমদার মহিলা ও কন্যা সন্তানদের বিরুদ্ধে ঘটা অপরাধের ক্ষেত্রে আরক্ষা দপ্তরের কর্মী ও আধিকারিকগণকে আরো যত্নবান ও সংবেদনশীল হবার জন্য অনুরোধ করেন যাতে অপরাধীদের দ্রুত ও উপযুক্ত শাস্তি দেওয়া সম্ভব হয়।

সভায় উপস্থিত মাননীয় সরকারি আইনজীবীগণ সমাজের সকল শুভবুদ্ধিসম্পন্ন জনগণকে যেকোনো অপরাধের বিরুদ্ধে প্রতিবাদী হতে এবং প্রয়োজনে আদালতে সাক্ষীদিতে পিছপা না হবার জন্য আনুরোধ করেন।

এনজিওর প্রতিনিধিগণ মহিলা ও কন্যা সন্তানদের বিরুদ্ধে অপরাধের পিছনে মাদকদ্রব্য ও ড্রাগসের ভূমিকা তুলে ধরেন এবং আরক্ষা দপ্তরের আধিকারিকগণ সাইবার ক্রাইমের শিকার মহিলাদের নিয়ে তাদের সঞ্চিত অভিজ্ঞতা সভায় তুলে ধরেন।

মহিলা কমিশনের মাননীয় ভাইস-চেয়ারপার্সন শ্রীমতী অস্মিতা বনিক মহোদয়া উনার বক্তব্যে আজকের আলোচনায় মাননীয় বক্তাদের বিভিন্ন প্রসঙ্গে উত্থাপিত মংক্রব্য ও পরাপর্শগুলোর নির্ঘাস তুলে ধরেন এবং তিনে আশা করেন কেবলমাত্র বন্ধ কক্ষে এই আলোচনার বিষয়বস্তু সীমাবদ্ধ থাকবেনা সকলে সংগবদ্ধভাবে কাজ করে এই সামাজিক সমস্যা থেকে আমরা অচিরেই মুক্তিলাভ করব।

সবশেষে সকলকে ধন্যবাদ জানিয়ে এবং এই সচেতনতা সভায় গৃহীত সিদ্ধান্ত সমাজের সর্বস্তরে পৌঁছে দেবার পুন: আবেদন জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন কমিশনের মাননীয় সদস্য শ্রীমতী ডালিয়া সিংহ মহোদয়া।

Dalini Singh
12/5/23

সদস্য

ত্রিপুরা মহিলা কমিশন।